



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনু/২০১৫/৮১৯

তারিখ: ২৬/১০/২০১৫খ্রি.

বিজ্ঞপ্তি

অত্র বোর্ডের আওতাধীন কলেজের গভর্নিং বডি'র সভাপতি ও অধ্যক্ষ মহোদয়কে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-১৩/এম.পি.ও নীতিমালা সংশোধন ২৫১২/১৪, তারিখ- ১১/১২/২০১৩ এর ২(ক), (খ) ও (গ) নির্দেশ মোতাবেক নিম্নবর্ণিত বিষয়গুলো যথাযথভাবে পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। ক) বর্তমানে কর্মরত এমপিও ভুক্ত কোনো শিক্ষক বা শিক্ষিকাকে শিক্ষাক্রমে বিষয় পরিবর্তনের কারণে চাকরিচ্যুত করা বা এমপিও বাতিল না করে শিক্ষককে তাঁর স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ের বিষয়ের সাথে প্রত্যক্ষভাবে সংগতিপূর্ণ বা অনুবন্ধ আছে এমন বিষয় পাঠদান করতে দেওয়া যাবে। চাকরিরত শিক্ষক/শিক্ষিকার চাকরির মেয়াদ শেষ হলে শূন্য পদে অনুমোদন সাপেক্ষে জাতীয় শিক্ষাক্রম ২০১২ এর বিষয় চাহিদা অনুসারে শিক্ষক/শিক্ষিকা নিয়োগ দেওয়া যাবে।

খ) জাতীয় শিক্ষাক্রম ২০১২ থেকে বাদ পড়েছে এমন বিষয়/বিষয়গুলোর শিক্ষক/শিক্ষিকাগণ তাঁদের বিষয় সংশ্লিষ্ট বা বিষয়ের সাথে সম্পর্কিত অন্য বিষয়ে পাঠদান কার্যক্রমে নিয়োজিত থাকবেন।

গ) সাচিবিকবিদ্যা ও অফিস ব্যবস্থাপনা বিষয়ের জন্য নতুন করে কোনো শিক্ষক/শিক্ষিকা নিয়োগ দেওয়া যাবে না। কোনো শিক্ষা প্রতিষ্ঠানকে এ বিষয়টি নতুন করে চালু করার অনুমতি দেওয়া যাবে না। ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের পর এ বিষয়টি ঐচ্ছিক বিষয় হিসেবে নেওয়ার সুযোগ থাকবেনা। ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের পর সাচিবিকবিদ্যা ও অফিস ব্যবস্থাপনা বিষয়ের এমপিওভুক্ত শিক্ষক/শিক্ষিকাগণ উল্লিখিত অনুচ্ছেদ 'ক' ও 'খ' অনুযায়ী চাকরিতে বহান থাকবেন।


২৬.১০.২০১৫

ড. মো: লিয়াকত হোসেন (৯৫১১)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

১। সভাপতি, গভর্নিং বডি, বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল কলেজসমূহ

২। অধ্যক্ষ, বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল কলেজসমূহ

অনুলিপি:

২। সিস্টেম এ্যানালিস্ট(ভারপ্রাপ্ত), বশিবো

৩। পিএস টু চেয়ারম্যান, বশিবো

৪। সংরক্ষণ নথি